

(প্রেস বিজ্ঞপ্তি)

২১ নভেম্বর ২০২২ খ্রি.

প্রধানমন্ত্রীর জনসভাস্থল পলোগ্রাউন্ড মাঠ পরিদর্শনকালে মেয়র
জাগবে চট্টগ্রামবাসি নতুন প্রভাতের জন্য

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, ৪ ডিসেম্বর নগরীর পলোগ্রাউন্ড মাঠে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জনসভা চট্টগ্রামবাসী এতদাঞ্চলের জনসংযোগের জন্য একটি গৌরব ও আনন্দের দিন। সেদিন জাগবে চট্টগ্রামবাসি নতুন প্রভাতের জন্য। প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রাম এলাকায় দৃশ্যমান যেসব উন্নয়ন করেছেন এরই স্বীকৃতি জানাতে জনতার চল নামবে জনসভায়। তিনি বলেন, শেখ হাসিনা ঐতিহাসিক পলোগ্রাউন্ড থেকে আগামী নির্বাচনে দলীয় নেতাকর্মীদের দিক নির্দেশনা দিবেন তা পালন করার মধ্যে দিয়ে ২০৪১ সালের মধ্যে দেশকে উন্নত বিশ্বের কাতারে সামিল করতে হবে। তিনি আরো বলেন, ২০০৯ সালে আওয়ামী লীগ ক্ষমতা গ্রহণের পর প্রধানমন্ত্রী চট্টগ্রামের উন্নয়নের সকল দায়িত্ব নিজের কাঁধে তুলে নেন এবং তাঁর প্রতিশ্রুতি পূরণ করে চট্টগ্রামবাসির আকাঙ্ক্ষা পূরণে সমর্থ হয়েছেন। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ড কাউন্সিলরদের উদ্যোগে বলেন, প্রধানমন্ত্রী চট্টগ্রামে আগমনের বার্তা জনগণের কাছে পৌঁছে দিয়ে প্রজেক্টরের মাধ্যমে সারা দেশের উন্নয়ন চিত্র প্রদর্শন করে জনসভাকে উৎসবমুখর ও সফল করতে হবে। ভবিষ্যতে চট্টগ্রামের আরো উন্নয়নের কথা সরাসরি প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে শুনতে জনগনকে মহাসমাবেশে যোগদান করার জন্য উদাত্ত আহ্বান জানান মেয়র। আজ সোমবার দুপুরে চসিক প্যানেল মেয়র ও কাউন্সিলরদের সাথে নিয়ে পলোগ্রাউন্ড মাঠ পরিদর্শনকালে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন-প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর ড. নিছার উদ্দীন আহমেদ মঞ্জু, আবুল হাসনাত মো. বেলাল, আবদুস সালাম মাসুম, শৈবাল দাশ সুমন, আবদুল মান্নান প্রমুখ।

মেয়র আরো জানান ৪ ডিসেম্বরের মহাসমাবেশকে সফল করতে সমাবেশে প্রবেশ গেইট, সমাবেশ এলাকায় পর্যন্ত আলোকায়ন ও মাঠের খানা-খন্দক ভরাটসহ আনুসঙ্গিক সকল কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে নগরীর সৌন্দর্য বর্ধন করে যেভাবে সাজিয়ে তোলা হয়েছে কেউ যাতে তা ব্যহত করতে না পারে এব্যাপারে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

চসিক শ্রাম্যমাণ আদালত

এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযান ও
বিভিন্ন অপরাধে ১৬ ব্যক্তিকে ৯৩ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর দামপাড়া, চট্টেশ্বরী রোড ও মেহেদীবাগ এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করেন। সে সময় এডিস মশার স্থান পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। অভিযানে চারটি নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে মোগলটুলী কমার্স কলেজ রোড ও কদমতলী ফ্লাইওভারের নীচে রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনা করার দায়ে ১০ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা করা হয়। আদালত সিটি কর্পোরেশনের নিরাপদ খাদ্য পরিদর্শকের দায়েরকৃত মোকদ্দমায় ২ ব্যক্তিকে ১৪ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩